

আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعْرَاءُ

আয়াতঃ ২৬ : ২১৯

আরবি মূল আয়াত:

وَتَقَلُّبِكَ فِي السَّجْدِينَ ﴿٢١٩﴾

অনুবাদসমূহ:

‘এবং সিজদাকারীদের মধ্যে তোমার উঠাবসা’। — আল-বায়ান

আর (তিনি দেখেন) সাজদাকারীদের সঙ্গে তোমার চলাফিরা। — তাইসিরুল

এবং দেখেন সাজদাহকারীদের সাথে তোমার উঠা বসা। — মুজিবুর রহমান

And your movement among those who prostrate. — Sahih International

২১৯. এবং সিজদাকারীদের মাঝে আপনার উঠাবসা।(১)

(১) এর কয়েকটি অর্থ হতে পারে। এক, আপনি যখন জামায়াতের সাথে নামায পড়ার সময় নিজের মুকতাদীদের সাথে উঠা-বসা ও রুকু'-সিজদা করেন তখন আল্লাহ আপনাকে দেখতে থাকেন। দুই, রাতের বেলা উঠে যখন নিজের সাথীরা (যাদের বৈশিষ্ট্যসূচক গুণ হিসেবে ‘সিজদাকারী’ শব্দ ব্যবহৃত হয়েছে।) তাদের আখেরাত গড়ার জন্য কেমন তৎপরতা চালিয়ে যাচ্ছে তা দেখার উদ্দেশ্যে ঘোরাফেরা করতে থাকেন তখন আপনি আল্লাহর দৃষ্টির আড়ালে থাকেন না। তিন, আপনি নিজের সিজদাকারী সাথীদেরকে সংগে নিয়ে আল্লাহর বান্দাদের সংশোধন করার জন্য যেসব প্রচেষ্টা ও সংগ্রাম চালিয়ে যাচ্ছেন আল্লাহ তা অবগত আছেন। চার, সিজদাকারী লোকদের দলে আপনার যাবতীয় তৎপরতা আল্লাহর নজরে আছে। তিনি জানেন আপনি কিভাবে তাদের প্রশিক্ষণ দিচ্ছেন, কিভাবে ও কেমন পর্যায়ে তাদের আত্মশুদ্ধি করছেন এবং কিভাবে ভেজাল সোনাকে খাঁটি সোনায় পরিণত করেছেন। [দেখুন: তাবারী, বাগভী]

তাফসীরে জাকারিয়া

(২১৯) এবং তোমাকে দেখেন সিজদাকারীদের সাথে উঠতে-বসতে। [1]

[1] অর্থাৎ, যখন তুমি একাকী থাক, তখনও তোমাকে আল্লাহ প্রত্যক্ষ করেন এবং যখন তুমি লোকালয়ে থাক তখনও।

তাফসীরে আহসানুল বায়ান

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন